



স্মারক নং : ৪১.০১.০০০০.০০৯.১১.০২৩.১৭- ২৮৫

তারিখ: ২২-২-২০২১ খ্রি:

ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষা গ্রহণের বিজ্ঞপ্তি

সমাজসেবা অধিদপ্তরের ৩য় ও ৪র্থ শ্রেণীর বিভিন্ন ক্যাটাগরির পদে জনবল নিয়োগের জন্য গত ২০-১১-২০২০ এবং ১৮-১২-২০২০ তারিখে লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হয়। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষা আগামী ২৫-২-২০২১ তারিখ হতে সমাজসেবা অধিদপ্তর, সদর কার্যালয়, আগারগাঁও, ঢাকায় অনুষ্ঠিত হবে। ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের নিমিত্ত টেলিটক বাংলাদেশ লিমিটেড-এর মাধ্যমে ইতোমধ্যে প্রার্থীদের মোবাইল নম্বরে SMS প্রদান করা হয়েছে। মৌখিক ও ব্যবহারিক পরীক্ষার সিডিউল/সময়সূচীসহ বিস্তারিত তথ্য সমাজসেবা অধিদপ্তরের www.dss.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে। উল্লিখিত তারিখ ও সময় অনুযায়ী প্রার্থীদের কে যথাসময় ও স্থানে ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করার জন্য অনুরোধ করা হলো। ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার জন্য আলাদা কোন প্রবেশপত্র ইস্যু করা হবে না। লিখিত পরীক্ষার প্রবেশপত্রটিই ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষার প্রবেশপত্র হিসেবে গণ্য হবে।

ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত কাগজপত্রাদির মূল কপি প্রদর্শন করতে হবে এবং ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত অনুলিপি জমা দিতে হবে।

ক) শিক্ষাগত যোগ্যতা সম্পর্কিত সকল প্রকার মূল/সাময়িক সনদপত্র, অভিজ্ঞতা (প্রযোজ্য ক্ষেত্রে) সনদের সত্যায়িত কপি।

খ) জাতীয় পরিচয়পত্র/জন্মানিবন্ধন সনদপত্রের সত্যায়িত কপি।

গ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।

ঘ) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক চারিত্রিক সনদপত্র।

ঙ) শারিরীক প্রতিবন্ধী, এতিম, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী এবং আনসার ও ভিডিপি প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষের সার্টিফিকেট এবং বীর মুক্তিযোদ্ধা কেটায় আবেদনকারী প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত বীর মুক্তিযোদ্ধা ও শহীদ বীর মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার পিতা-মাতার/পুত্র-কন্যার পুত্র-কন্যাগণের পিতার পিতা-মাতা/মাতার পিতা-মাতার বীর মুক্তিযোদ্ধা সনদপত্রের সত্যায়িত কপি।

চ) প্রার্থী বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে প্রার্থীর সাথে বীর মুক্তিযোদ্ধার সম্পর্ক উল্লেখপূর্বক ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা অথবা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্রের সত্যায়িত অনুলিপি।

প্রার্থীগণকে যথাসময়ে হাজির হওয়ার জন্য অনুরোধ করা হলো।

ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

(সৈয়দ মো: নূরুল বাসির)

২২/২/২১

যুগ্মসচিব

পরিচালক (প্রতিষ্ঠান)

ও

সভাপতি

বিভাগীয় নির্বাচন কমিটি

সমাজসেবা অধিদপ্তর, ঢাকা।

৫৫০০৭০২২